

**REGIONAL NEWS UNIT  
ALL INDIA RADIO, AGARTALA  
Date: 03-10-2023  
Time: 07.35-07.40 AM Hrs  
BENGALI MORNING BULLETIN**

---

**Gandhi :**

জাতির জনক মহাত্মা গান্ধীর ১৫৪তম জন্মবার্ষিকী গতকাল দেশজুড়ে যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হয়েছে।

রাজ্যেও গতকাল যথাযোগ্য মর্যাদায় গান্ধীজয়ন্তী উদযাপন করা হয়। এই উপলক্ষে গতকাল সার্কিট হাউস সংলগ্ন মূর্তি প্রাঙ্গনে এবং গান্ধীঘাটস্থিত গান্ধীবেদী ও প্রাঙ্গনে পুষ্পার্ঘ্য অর্পন করে শ্রদ্ধা নিবেদন করেন শিল্প ও বাণিজ্য মন্ত্রী সান্ত্বনা চাকমা। অনুষ্ঠানে রামধুন ও ভজন পরিবেশিত হয়।

\*\*\*\*\*

**PM-Chhattisgarh :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আজ ছত্তিশগড়ের জগদলপুরে কয়েকটি উন্নয়নমূলক প্রকল্পের ভিত্তি প্রস্তর স্থাপন করবেন। এই প্রকল্পগুলোর নির্মাণে ব্যয় হবে ২৬ হাজার কোটি টাকা। পাশাপাশি প্রধানমন্ত্রী বস্তার জেলার নাগামারে ন্যাশনাল মিনারেল ডেভেলপমেন্ট কর্পোরেশন-এর গ্রিন ফিল্ড স্টিল প্ল্যান্টটি জাতির উদ্দেশ্যে উৎসর্গ করবেন। উল্লেখ্য, ২৪ হাজার কোটি টাকা ব্যয়ে নির্মিত এই ইন্টিগ্রেটেড স্টিল প্ল্যান্ট থেকে উচ্চমানের স্টিল উৎপাদন করা হবে।

\*\*\*\*\*

## Swachata Campaign 3.0 :

তৃতীয় পর্যায়ের বিশেষ স্বচ্ছতা প্রচারাভিযান গতকাল থেকে শুরু হয়েছে। এই অভিযান চলতি মাসের ৩১ তারিখ পর্যন্ত চলবে। কর্মী, জন অভিযোগ ও পেনশন মন্ত্রকের মতে, গত দুটি স্বচ্ছতা প্রচারাভিযানের সময় ৯০ লক্ষ বর্গফুট প্রাইম অফিস স্পেস পরিষ্কার করা হয়েছে। এছাড়াও সরকার ক্ল্যাপ নিষ্পত্তি থেকে ৩৭০ কোটি টাকারও বেশি রাজস্ব আয় করেছে এবং চার লক্ষ ৫৬ হাজার জন-অভিযোগের নিষ্পত্তি হয়েছে।

\*\*\*\*\*

## CM :

মুখ্যমন্ত্রী অধ্যাপক ডা: মানিক সাহা বলেছেন, রাজ্যে শিক্ষা ক্ষেত্রের সার্বিক বিকাশে বর্তমান সরকার বহুমুখী পদক্ষেপ নিয়েছে। গতকাল নরসিংগড়স্থিত ভবনস ত্রিপুরা বিদ্যামন্দিরের ২৮তম প্রতিষ্ঠা দিবসে প্রধান অতিথির ভাষণে মুখ্যমন্ত্রী একথা বলেন। ছেলেমেয়েদের প্রাইভেট টিউশনের প্রতি ঝাঁক না বাড়িয়ে, প্রতিষ্ঠানের শিক্ষা ব্যবস্থার প্রতি আস্থা রাখার জন্যও মুখ্যমন্ত্রী আহ্বান জানান। প্রতিষ্ঠা দিবসের পাশাপাশি এই বিদ্যামন্দিরে গান্ধী জয়ন্তীও পালন করা হয়।

\*\*\*\*\*

## PM :

দেশের হলুদ চাষীদের প্রয়োজন ও ভবিষ্যত সম্ভাবনার কথা ভেবে 'জাতীয় হলুদ পর্ষদ' গঠন করা হয়েছে। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী গতকাল সামাজিক মাধ্যমে একথা জানিয়ে বলেন, দেশের কৃষকদের কল্যাণে সরকার প্রতিশ্রুতিবদ্ধ। তিনি জানান, এই

পৰ্ষদ চাৰীদেৱ দক্ষতা বৃদ্ধি, উৎপাদিত পণ্যেৰ মূল্য সংযোজনা, যোগাযোগ ব্যবস্থা ও পৰিকাঠামো উন্নয়ন সহ বিভিন্ন বিষয়ে সাহায্য কৰবে।

\*\*\*\*\*

**CM-Deepak :**

ৰাজ্যেৰ অৰ্থনৈতিকভাবে পিছিয়ে পৰা মেধাবী ছাত্ৰছাত্ৰীদেৰ বিভিন্ন প্ৰবেশিকা পৰীক্ষাৰ জন্য প্ৰস্তুতিতে সহায়তাৰ জন্য আসাম ৱাইফেলস-এৰ উদ্যোগে 'দীপক প্ৰকল্প' চালু হছে। গতকাল আগৰতলাৰ ২১ আসাম ৱাইফেলস কাৰ্যালয়ে আসাম ৱাইফেলস, NIEDO এৰং এক্সিস ব্যাঙ্কেৰ মধ্যে 'দীপক প্ৰকল্পে'ৰ মউ স্বাক্ষৰিত হয়। অনুষ্ঠানে মুখ্যমন্ত্ৰী অধ্যাপক ডা: মানিক সাহা বলেন, উত্তৰ পূৰ্বাঞ্চলেৰ মানব সম্পদেৰ বিকাশে 'দীপক প্ৰকল্প' গুৰুত্বপূৰ্ণ ভূমিকা নেবে। উল্লেখ্য, ইতিমধ্যেই মণিপুৰ, নাগাল্যান্ড, মিজোৰাম ও অৰুনাচল প্ৰদেশে প্ৰকল্পটি চালু হয়েছে।

\*\*\*\*\*

**Fish distribution :**

মাছ চাষে উৎসাহ দিতে গতকাল আগৰতলা পুৰ নিগমেৰ আট নম্বৰ ওয়াৰ্ডে ৪২ জনকে ৫০০ কৰে মাছেৰ চাৰা পোনা দেওয়া হয়েছে। আগৰতলা পুৰ নিগমেৰ মেয়ৰ দীপক মজুমদাৰ অনুষ্ঠানে জানিয়েছেন, মুখ্যমন্ত্ৰী মৎস্য বিকাশ যোজনাৰ পুৰ নিগমেৰ প্ৰত্যেক ওয়াৰ্ডে যাদেৰ জলাশয় আছে তাদেৰ মাছ চাষে উৎসাহ দিতে চাৰা পোনা দেওয়া হছে।

\*\*\*\*\*

### **Sartyaram Reang :**

রাজ্যের বিশিষ্ট হজাগিরি নৃত্য শিল্পী পদ্মশ্রী পুরস্কারপ্রাপ্ত সত্যরাম রিয়াং গতকাল সকালে বীরচন্দ্রমনুর দশমী রিয়াং পাড়ার নিজ বাড়িতে শেষ নিঃশ্বাস ত্যাগ করেন। গতকাল দুপুরে তাঁর শেষকৃত্য সম্পন্ন হয়। উল্লেখ্য, সত্যরাম রিয়াং ২০০৪ সালে সংগীত নাটক একাডেমী পুরস্কার পেয়েছিলেন।

\*\*\*\*\*

### **Subjunior Football :**

মধ্যপ্রদেশের অনন্তপুরমে অনুষ্ঠিত অনূর্ধ্ব-১৪ বছরের জাতীয় সাবজুনিয়র ছেলেদের ফুটবল প্রতিযোগিতার গ্রুপের তৃতীয় খেলায় ত্রিপুরা গতকাল ১-০ গোলে উত্তরাখণ্ডকে হারিয়ে দিয়েছে। আর ডি টি স্পোর্টস ভিলেজের ১ নম্বর মাঠে অনুষ্ঠিত খেলায়, রাজ্যদলের পক্ষে বেরডম দেববর্মা জয়সূচক গোলটি করে।

\*\*\*\*\*

### **Weather :**

আগরতলা ও তার পাশবর্তী অঞ্চলে আজ দুপুর পর্যন্ত আবহাওয়ার পূর্বাভাসে জানানো হয়েছে, আকাশ সাধারণত মেঘাচ্ছন্ন থাকবে। কিছু কিছু জায়গায় বজ্র বিদ্যুৎ সহ বৃষ্টিপাতের সম্ভাবনা রয়েছে। দিনের তাপমাত্রা সর্বোচ্চ চৌত্রিশ ডিগ্রির কাছাকাছি থাকবে। আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা ছিল পঁচিশ ডিগ্রি সেলসিয়াস। গত ২৪ ঘন্টায় বৃষ্টিপাত পরিমাপযোগ্য নয়।

\*\*\*\*\*